# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**24 OCTOBER 2025** **7:45—7:55 PM**

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ শিলচর পুলিশ পেরেড গ্রাউন্ডে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে শিলচর বিধানসভা কেন্দ্রের আত্মসহায়ক গোষ্ঠির ১৩ হাজার ১৯৩ জন হিতাধিকারীর মধ্যে চেক বিতরণ কার্যসূচীর সূচনা করেন ।অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন যে রাজ্যের ৪০ লক্ষ মহিলাকে ‘লাখপতি বাইদেও ’করার জন্য সরকার সরকার কাজ করে যাচ্ছে । বর্তমানে যেসব হিতাধিকারী ১০ হাজার টাকার অর্থ সাহায্য লাভ করেছেন তারা এই অর্থের সঠিক ব্যবহার করলে ভবিষ্যতে এই সাহায্য ২৫ হাজার টাকা থেকে ৫০ হাজার টাকা পর্যন্ত বৃদ্ধি করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।অরুণোদয় প্রকল্পের অধীনে শিলচরে নতুন করে তিন হাজার হিতাধিকারীকে অর্ন্তভুক্ত করা হবে বলে মুখ্যমন্ত্রী ঘোষণা করেন । তিনি বলেন যে যদি কোন পুরুষ একজনের বেশী মহিলার সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হয় তবে
তার সাত বছরের কারাদন্ডের ব্যবস্থা করা হবে এবং এই বিষয়ে আগামী বছর বিধানসভায় একটি বিল উত্থাপন করা হবে বলে তিনি জানান । রাজ্যে মহিলা সংক্রান্ত অপরাধ ১ লক্ষ ৫০ হাজার থেকে ৪০ হাজারে হ্রাস পেয়েছে বলে উল্লেখ করে এটি মহিলাদের সুরক্ষা ক্ষেত্রে সরকারের লাভ করা সাফল্যের প্রতিফলন বলে তিনি মন্তব্য করেন ।মুখ্যমন্ত্রী মধুরাঘাটে বরাকনদীর উপর ১০০ কোটি টাকা ব্যয় সাপেক্ষে একটি নতুন সেতু নির্মাণ করার কথা ঘোষণা করেন । এছাড়া যানজট নিয়ন্ত্রণের জন্য ডিসেম্বর মাসের মধ্যে ৬৫০ কোটি টাকা ব্যয়ে একটি উড়াল সেতু নির্মাণের কাজ শুরু করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।শুধুমাত্র শিলচরের জন্য ১ হাজার কোটি টাকার বিশেষ প্রকল্প বরাদ্দ করা হয়েছে বলেও তিনি মন্তব্য করেন ।মুখ্যমন্ত্রী বলেন ----

বাইট

এদিকে বরাক উপত্যকার জনসাধারণের সুবিধার জন্য দিল্লী , কলকাতা এবং চেন্নাইতে ‘বরাক ভবন ’নির্মাণ করা হবে বলেও মুখ্যমন্ত্রী জানান ।জুবিন গর্গের রহস্য জনক মৃত্যু সম্পর্কে মুখ্যমন্ত্রী বলেন -------------- বাইট

এদিকে মুখ্যমন্ত্রী আজ শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতাল পরিদর্শন করে প্রস্তাবিত ২০৮ শয্যার সুপার স্পেশালিটি হাসপাতালের ভিত্তিপ্রস্থর স্থাপন করেন ।এই হাসপাতালে নিউরোলজি , নেফ্রোলজি , কার্ডিওলজির চিকিৎসা প্রদান করা হবে বলে তিনি জানান । এই হাসপাতালের চিকিৎসা সরঞ্জাম ও পরিকাঠামো উন্নয়নে প্রায় ৩০০ কোটি টাকা ব্যয় করা হবে এবং আগামী আড়াই বছরের মধ্যে এই হাসপাতালের কাজ শেষ করা হবে বলেও মুখ্যমন্ত্রী জানান ।শিলচর মেডিক্যাল কলেজে নির্মীয়মান ৫০০ শয্যার হাসপাতাল টি চলতি বছরেই রোগীদের জন্য খুলে দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । শিলচর সিভিল হাসপাতালের পরিকাঠামো উন্নয়নে ১৫০ কোটি টাকা প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । আগামী কয়েকদিনের মধ্যে ডলুতে বিমানবন্দর নির্মানের জন্য ৩ হাজার কোটি টাকা মঞ্জুর করা হবে এছাড়া আগামী ছমাসের মধ্যে বরাপানী থেকে পাঁচগ্রাম পর্যন্ত এক্সপ্রেস হাইওয়ের ভিত্তিপ্রস্থর স্থাপন করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।বিটিসি নির্বাচন এবং জুবিন গর্গের মৃত্যুর পরিপ্রেক্ষিতে শিলচর পৌর নিগমের নির্বাচন এখনই অনুষ্ঠিত হচ্ছে না বলে মুখ্যমন্ত্রী ইঙ্গিত দেন ।

--------------------------------------------------------------------------------------

এদিকে মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা আজ সকালে শ্রীভূমি জেলার রামকৃষ্ণনগরে আয়োজিত সভায় মূখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা প্রকল্পের চেক বন্টন অনুষ্ঠানে অংশ নিয়ে জানান যে ----

বাইট

উল্লেখ্য রামকৃষ্ণনগর বিধানসভা কেন্দ্রের ১৮ হাজার ৭শ ৪৫ জন আত্ম-নির্ভর গোষ্ঠীর সদস্যকে মূখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা অভিযানের চেক প্রদান অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী কৌশিক রাই , কৃষ্ণেন্দু পাল , সাংসদ কৃপানাথ মালা , বিধায়ক বিজয় মালাকার , বিজেপির জেলা সভাপতি সঞ্জীব বণিক প্রমুখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ শর্মা আগামীকাল সকাল ১০ টায় বিন্নাকান্দি মন্ডল বিজেপি কার্যালয় এবং ১০ টা ৪০ মিনিটে লক্ষীপুর মন্ডল বিজেপি কার্যালয় উদ্বোধন করবেন ।এরপর বেলা ১১ টা ৪৫ মিনিটে তিনি লাবক চাবাগানের মাঠে মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে

মহিলাদের মধ্যে চেক বিতরণ করবেন ।মুখ্যমন্ত্রী আগামীকাল বিকেলে গৌহাটী ফিরে যাওয়ার কথা রয়েছে ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে ভিডিও কনফারেনসিঙের মাধ্যমে সপ্তদশ জাতীয় নিয়োগ মেলায়  অংশগ্রহণ করে  সরকারের বিভিন্ন বিভাগে দেশের ৫১ হাজারেরও অধিক যুবক যুবতীকে নিযুক্তিপত্র বিতরণ করেন । প্রধানমন্ত্রী শ্রী মোদী এক ভিডিও বার্তার মাধ্যমে বলেন যে নিয়োগ মেলা হচ্ছে দেশের যুব প্রজন্মের স্বপ্ন পূরণ করার এক মাধ্যম । প্রধানমন্ত্রী বলেন এবারের মেলার সঙ্গে সরকারের বিভিন্ন বিভাগে ১১ লক্ষেরও অধিক যুবক যুবতীকে নিয়োগের সুবিধা প্রদান করা হয়েছে । দেশের তিন কোটি ৫ লক্ষ কর্ম সংস্থাপন সৃষ্টির লক্ষ্যে প্রধানমন্ত্রী ইতিমধ্যে বিকশিত ভারত যোজনাও চালু করেছেন ।

---------------------------------------------------------------------------------

লোকসেবা সচেতনতা অভিযান সব কী যোজনা সবকী বিকাশ বিষয়ের ওপর লোকসেবা জাগরণের ২ মিনিটের ছুটি ছবিটি আজ থেকে ৬ নভেম্বর পর্যন্ত দেশের সব সিনেমা হলে প্রদর্শন করা হবে । পঞ্চায়েতীরাজ মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে যে এর বিষয়বস্তু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসাধারণের অংশগ্রহণ ও সরকারী প্রকল্পের সফল রূপায়নের দৃষ্টিভঙ্গীর সঙ্গে সাদৃশ্য রয়েছে । অভিযানের লক্ষ্য হচ্ছে ২০২৬-২৭ বর্ষের জন্য পঞ্চায়েত বিকাশ পরিকল্পনা জনসাধারণের অংশগ্রহণ তথা জনসচেতনতা বৃদ্ধি করা । তৃণমূল পর্যায়েই বিকাশের পথ প্রশস্ত করতে দেশের প্রত্যেক নাগরিকের গুরুত্বপূর্ণ ভূমিকা  রয়েছে । আচররণবিধি বলবৎ থাকা রাজ্যসমূহের বাইরে এই ছবিটি বর্তমানে সব সিনেমা হলে মূল ছবি আরম্ভ হবার আগে এবং বিরতির সময়ে শেষের পাঁচ মিনিটের মধ্যে প্রদর্শন করা হবে ।

---------------------------------------------------------------------------------

জুবিন গার্গের মৃত্যুর তদন্তের জন্য সিংগাপুরে যাওয়া এস আই টির প্রধান মুন্না প্রসাদ গুপ্তা এবং তরুন গোয়েল গতকাল গৌহাটী ফিরে এসেছেন । সিংগাপুর সফর তথা এস আই টির তদন্তের অগ্রগতি সম্পর্কে আজ এক সাংবাদিক সম্মেলনে মুন্না প্রসাদ গুপ্তা বলেন যে তাঁরা ২০ শে অক্টোবর সিংগাপুরে থাকা হাই কমিশনারের সঙ্গে বৈঠকে মিলিত হন । ২১ শে অক্টোবর সিংগাপুর পুলিশের পাঁচজনের একটি দলের সঙ্গে বৈঠকে মিলিত হয়ে তদন্তের তথ্য বিনিময় করেন বলেও এস আই টি প্রধান জানান । সিংগাপুর পুলিশ আইনী প্রক্রিয়ার মাধ্যমে এস আই টি তদন্তের তথ্যসমূহ প্রদান করার আশ্বাস দিয়েছে বলেও তিনি জানান । এস আই টি দলটি সিংগাপুরের ঘটনাস্থল

পরিদর্শন করা সহ জুবিন গার্গ যে হোটেলে ছিলেন তার সি সি টি ভি ফুটেজ দিতে সিংগাপুর পুলিশকে অনুরোধ জানিয়েছে । প্রয়োজনে ঘটনার দিন ইয়েটে থাকা প্রবাসী অসমীয়াদের পুনরায় তলব করা হবে বলেও মুন্না প্রসাদ গুপ্তা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার চা বাগানের শ্রমিকদের জীবনধারণের মান উন্নয়নে নেওয়া বিভিন্ন সরকারী প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই করতে আজ জেলা আয়ুক্ত অভিষেক জৈন জেলার বিভিন্ন চা বাগান এলাকা পরিদর্শন করেন । পরিদর্শনকালে জেলা আয়ুক্ত শ্রীজৈন পূর্ত বিভাগের বিল্ডিং শাখার চলমান কাজগুলি দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছেন । জেলা আয়ুক্ত চা বাগানের জনসাধারনের সঙ্গে কথা বলেন এবং তাদের সার্বিক উন্নয়ন জেলা প্রশাসনের অন্যতম অগ্রাধিকার বলে জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------